গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২২.০০৫.২৩-১১৩/৫৫১ তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪৩০ / ১২ ডিসেম্বর ২০২৩

**বিষয়: বিতরণ নির্দেশিকা অনুযায়ী ২০২৪ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক সরবরাহকরণ/বিতরণ**

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩৮.০০.০০০০.০০৭.০৭.০২৮.২২-৩০৫; তারিখ: ২৩.১১.২০২৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ নির্দেশিকা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে (কপি সংযুক্ত)। অনুমোদিত নির্দেশিকা অনুযায়ী আগামী ২০ ডিসেম্বর ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ এর মধ্যে উপজেলা, জেলা ও বিভাগ থেকে ২০২৪ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিদ্যালয় পর্যায়ে সরবরাহ নিশ্চিত করতে হবে।

২। এমতাবস্থায়, আগামী ২০ ডিসেম্বর ২০২৩ তারিখ থেকে বিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক সরবরাহ কার্যক্রম পরিবীক্ষণ করার জন্য বিভাগীয় উপপরিচালক এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, জাতীয় পর্যায়ে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম উদ্বোধনের পূর্বে কোন অবস্থাতেই ২০২৪ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক শিক্ষার্থীদের নিকট বিতরণ করা যাবে না।

৩। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ১ (এক) ফর্দ

১২.১২.২০২৩

মোঃ [illegible] ইসলাম
উপপরিচালক (বই বিতরণ) (অতি: দা:)
ফোন নম্বর: ০২-৫৫০৭৪৮৮৯
ই-মেইল: dpebook111@gmail.com

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

অনুলিপি:
১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩। অফিস কপি।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
বই বিতরণ শাখা

## ২০২৪ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ নির্দেশিকা

| ক্রমিক নম্বর | নির্দেশনা |
|---|---|
| ১ | প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের সকল ছাত্র-ছাত্রীকে প্রচলিত/বিদ্যমান শিক্ষাক্রম অনুযায়ী চার রঙে ছাপানো নতুন পাঠ্যপুস্তক বিনামূল্যে প্রদান করা হবে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর ৫ (পাঁচ)টি ভাষার (চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও সাদরি) শিক্ষার্থীদেরকে তাদের মাতৃভাষায় রচিত পাঠ্যপুস্তক (প্রাক-প্রাথমিক, ১ম শ্রেণি, ২য় শ্রেণি ও ৩য় শ্রেণির বাংলা) প্রদান করা হবে। |
| ২ | ২০২৪ শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক স্তরের ৫+ বয়সী প্রত্যেক শিক্ষার্থীকে ০১টি করে 'আমার বই' এবং ০১টি করে 'অনুশীলন খাতা ' সরবরাহ করা হবে। |
| ৩ | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত কারিকুলাম/শিক্ষাক্রম অনুসরণ করে এমন নিম্নোক্ত প্রাথমিক বিদ্যালয় ও প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের বিনামূল্যের পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে:<br>ক) সরকারি প্রাথমিক বিদ্যালয়;<br>খ) সরকারি মাধ্যমিক /নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংশ্লে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়;<br>গ) স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি মাধ্যমিক/ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংশ্লে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়;<br>ঘ) এনসিটিবি'র কারিকুলাম/শিক্ষাক্রম অনুসৃত হয় এমন সকল কিন্ডার গার্টেন;<br>ঙ) পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়;<br>চ) শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ছ) কিশোর অপরাধ সংশোধন কেন্দ্র পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>জ) সরকারি ও স্বীকৃতিপ্রাপ্ত এতিমখানা ও শিশু পরিবারে চালুকৃত প্রাথমিক বিদ্যালয়;<br>ঝ) বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন কর্তৃক পরিচালিত কিংবা এনসিটিবি অনুমোদিত কারিকুলাম/শিক্ষাক্রম অনুসরণ করে এমন প্রাথমিক বিদ্যালয়;<br>ঞ) চা-বাগানের ব্যবস্থাপনায় পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ট) বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা/এনজিও কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিচালিত পূর্ণাঙ্গ (একই সাথে ১ম-৫ম শ্রেণি চালুকৃত) প্রাথমিক বিদ্যালয়;<br>ঠ) সরকার কর্তৃক বাস্তবায়িত আবাসন ও আশ্রয়ন প্রকল্পের কমিউনিটি বিদ্যালয়;<br>ড) স্থানীয় সরকার প্রতিষ্ঠান (যেমন – সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ) কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ঢ) সমাজকল্যাণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিশেষ স্কুল (বিশেষতঃ প্রতিবন্ধীদের জন্য);<br>ণ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ 'চরজীবিকায়ন কর্মসূচি'র আওতায় পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ত) পিইডিপি৪ এর সাব কম্পোনেন্ট ২.৫: 'আউট অব স্কুল চিলড্রেন' কার্যক্রম এর আওতায় উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর তত্ত্বাবধানে পরিচালিত শিখন কেন্দ্রসমূহ;<br>থ) 'বেসরকারী প্রাথমিক (বাংলা ও ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১১' এর আওতায় নিবন্ধিত ও নিবন্ধনের জন্য আবেদনকারী বিদ্যালয়সমূহ |
| ৪ | উপরে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ছাড়াও যে কোন প্রাথমিক বিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রাপ্তির আবেদন করলে উপজেলা/থানা শিক্ষা অফিস যথাযথ যাচাইঅন্তে ঐ সকল শিক্ষার্থীর নিকট পাঠ্যপুস্তক সরবরাহের ব্যবস্থা করবে। |
| ৫ | বিদেশে অবস্থিত যেসকল বিদ্যালয় এনসিটিবি প্রণীত কারিকুলাম/শিক্ষাক্রম অনুসরণ করে না এবং শুধুমাত্র একটি বা দুটি বইয়ের জন্য চাহিদা প্রেরণ করে, তাঁদেরকে অনলাইন সংস্করণ ডাউনলোড করে প্রয়োজনীয় সংখ্যক কপি করে ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া হলো। কোন কারণে অনলাইনে পাঠ্যপুস্তক পাওয়া না গেলে সেক্ষেত্রে তাদেরকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর চাহিদামত |

৩১/১০/২০২৩
মোঃ নবীর উদ্দিন
গবেষণা কর্মকর্তা (বই বিতরণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

৩১/১০/২০২৩
ফয়েজুন নাহার
সহকারী পরিচালক (বই বিতরণ)

৩১.১০.২৩
মোঃ ইমামুল ইসলাম
উপপরিচালক (বই বিতরণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।

আক্তারুন্নাহার
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| ক্রমিক নম্বর | নির্দেশনা |
|---|---|
| | পাঠ্যপুস্তক বরাদ্দ প্রদান করবে। তবে, পরিবহন খরচ সংশ্লিষ্ট দেশের বিদ্যালয়/ দুতাবাস অথবা পররাষ্ট্র মন্ত্রণালয়কে বহন করতে হবে এবং '২০ ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে ২০২৫ শিক্ষাবর্ষের চাহিদা' পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। একইভাবে ইংরেজি মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানকেও '২০ ফেব্রুয়ারি ২০২৪ এর মধ্যে ২০২৫ শিক্ষাবর্ষের চাহিদা' প্রেরণ করে নিজ খরচে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রীয় গুদাম থেকে পাঠ্যপুস্তক সংগ্রহ করতে হবে। |
| ৬ | সকল পাঠ্যপুস্তকের ইলেকট্রনিক কপি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ওয়েবসাইটে (www.nctb.gov.bd) পাওয়া যাবে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটের (www.dpe.gov.bd) সাথে উক্ত ওয়েবসাইটের লিংক থাকবে। |
| ৭ | এনসিটিবি ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে ২০২৪ শিক্ষাবর্ষের সকল পাঠ্যপুস্তক উপজেলা পর্যায়ে পৌছানো নিশ্চিত করবে। এরূপ পাঠ্যপুস্তক সরবরাহের ক্ষেত্রে নির্ধারিত চালান ফরম ব্যবহার করতে হবে। |
| ৮ | প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের সকল পাঠ্যপুস্তক বিদ্যমান চালানে সরবরাহ/বিতরণ করতে হবে এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ৫(পাঁচ)টি ভাষায় মুদ্রিত পাঠ্যপুস্তক সরবরাহের/বিতরণের জন্য পৃথক চালান ব্যবহার করতে হবে। |
| ৯ | পাঠ্যপুস্তক বিতরণের পূর্বে প্রত্যেকটি পাঠ্যপুস্তকে সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিস ও বিদ্যালয়ের সীল দিতে হবে। উপজেলা/থানা শিক্ষা অফিসের সীল পাঠ্যপুস্তকের কভারে এবং বিদ্যালয়ের সীল পাঠ্যপুস্তকের ২য়/৩য় পৃষ্ঠায় ব্যবহার করতে হবে। সীলে 'বিনামূল্যে বিতরণকৃত' কথাগুলো উল্লেখ থাকবে। |
| ১০ | পাঠ্যপুস্তক গ্রহণকারী ১ম ও ২য় শ্রেনির শিক্ষার্থীর পিতা /মাতা /অভিভাবকের কাছ থেকে বিদ্যালয় কর্তৃক প্রাপ্তি স্বীকারপত্রে স্বাক্ষর গ্রহণ করতে হবে। ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেনির শিক্ষার্থীরা 'বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ' রেজিস্টারে স্বাক্ষর করে পাঠ্যপুস্তক গ্রহণ করবে। |
| ১১ | বেসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্তৃক লেটারহেড প্যাডে প্রত্যয়নের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত প্রধান শিক্ষকের নিকট পাঠ্যপুস্তক হস্তান্তর করতে হবে। অন্য কারও প্রত্যয়ন গ্রহণযোগ্য হবেনা এবং ক্ষমতাপ্রাপ্ত প্রধান শিক্ষক ছাড়া অন্য কারও নিকট পাঠ্যপুস্তক প্রদান করা যাবে না। |
| ১২ | বিভাগীয় বাফার স্টক/জেলা/উপজেলা/থানার উদ্বৃত্ত পাঠ্যপুস্তক থেকে নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহে প্রাক-প্রাথমিক শ্রেণি এবং প্রাথমিক স্তরের বাংলা/ইংরেজি ভার্সনের পাঠ্যপুস্তক সরবরাহ করতে হবেঃ |

| দপ্তর | স্তর | | সেট | যে দপ্তর থেকে পাঠ্যপুস্তক সরবরাহ করতে হবে |
|---|---|---|---|---|
| | বাংলাভার্সন | ইংরেজি ভার্সন | | |
| এনসিটিবি | - | প্রাথমিক স্তর | ৫০ | ডিপিই |
| নেপ | প্রাথমিক স্তর | - | ৩০ | বিভাগীয় বাফার, ময়মনসিংহ |
| | - | প্রাথমিক স্তর | ০৫ | ডিপিইও, ময়মনসিংহ |
| পিটিআই | প্রাক-প্রাথমিক | - | ৫০ | সংশ্লিষ্ট বিভাগীয় বাফার |
| | প্রাথমিক স্তর | - | ৫০ | |
| | - | প্রাথমিক স্তর | ০৫ | সংশ্লিষ্ট ডিপিইও |
| ইউ/টিআরসি | প্রাথমিক স্তর | - | ৩০ | উপজেলা/ থানা শিক্ষা অফিস |
| | - | প্রাথমিক স্তর | ০১ | |

| ক্রমিক নম্বর | নির্দেশনা |
|---|---|
| ১৩ | 'বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা' এবং 'খ্রিস্টান ধর্ম ও নৈতিক শিক্ষা' বিষয়ের পাঠ্যপুস্তক জেলা পর্যায়ে সরবরাহ করা হবে এবং উপজেলাগুলো প্রয়োজন অনুযায়ী সেখান থেকে উক্ত পাঠ্যপুস্তক গ্রহন করবে। |

মোঃ নবীর উদ্দিন
গবেষণা কর্মকর্তা (বই বিতরণ)

ফয়েজুন নাহার
সহকারী পরিচালক (বই বিতরণ)

আক্তারুন্নাহার
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| ক্রমিক নম্বর | নির্দেশনা |
| --- | --- |
| ১৪ | ইংরেজি ভার্সনের পাঠ্যপুস্তক জেলায় সরবরাহ করা হবে এবং উপজেলাগুলো বরাদ্দ অনুযায়ী সেখানে থেকে উক্ত পাঠ্যপুস্তক গ্রহণ করবে। |
| ১৫ | ২০২৪ শিক্ষাবর্ষে সম্পূর্ণ নতুন পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে বিধায় কোন অবস্থাতেই ২০২৩ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তর (বাংলা ও ইংরেজি ভার্সন) এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর উদ্বৃত্ত পঠন-পাঠন সামগ্রী/পাঠ্যপুস্তক সরবরাহ/বিতরণ করা যাবে না। উল্লেখ্য, ২০২৪ শিক্ষাবর্ষে ২য় ও ৩য় শ্রেণির পাঠ্যপুস্তক পরিমার্জিত কারিকুলামে মুদ্রণ করা হয়েছে। |
| ১৬ | পাঠ্যপুস্তক গ্রহণ, বিতরণ এবং উদ্বৃত্ত পাঠ্যপুস্তকের হিসাব রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে। |
| ১৭ | ১০ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে ২য় থেকে ৫ম শ্রেণির সকল শিক্ষার্থীর মধ্যে শতভাগ পাঠ্যপুস্তক বিতরণ সম্পন্ন করতে হবে। প্রাক-প্রাথমিক স্তর ও প্রাথমিক স্তরের ১ম শ্রেণির পাঠ্যপুস্তক বিতরণ ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। ৩১ জানুয়ারি ২০২৪ এর মধ্যে নির্ধারিত অনলাইন সফটওয়ারে (PEMIS) পাঠ্যপুস্তক বিতরণ সম্পর্কিত যাবতীয় তথ্য এন্ট্রি সম্পন্ন করতে হবে। |
| ১৮ | ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে উল্লিখিত সফটওয়্যারে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা সঠিকভাবে এন্ট্রি করতে হবে এবং কেবলমাত্র ঐ তথ্যের ভিত্তিতেই পরবর্তী বছরের পাঠ্যপুস্তকের সম্ভাব্য চাহিদা নিরূপণ করা হবে। উল্লেখ্য, সফটওয়্যারে এন্ট্রিকৃত ছাত্র-ছাত্রীর উল্লিখিত সংখ্যা সর্বক্ষেত্রে ব্যবহার করতে হবে। |
| ১৯ | এনসিটিবি মূল্যের বিনিময়ে প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের (বাংলা ও ইংরেজি ভার্সন এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর) কোন পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ করবে না। |
| ২০ | জরুরি প্রয়োজন মিটানোর জন্য প্রাক-প্রাথমিক শ্রেণি এবং প্রাথমিক স্তরের (বাংলা ভার্সনের) পাঠ্যপুস্তক সকল বিভাগীয় বাফার স্টকে মোট চাহিদার ১% সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর পাঠ্যপুস্তক ৫% হারে বিভাগীয় বাফার স্টকে সংরক্ষণ করতে হবে। |
| ২১ | রিপিটার ছাত্র/ছাত্রীদের মাঝে পাঠ্যপুস্তক বিতরণ করা যাবে। |
| ২২ | প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের পঠন-পাঠন সামগ্রী/পাঠ্যপুস্তক বিক্রির অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে বিভাগীয়/আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ২৩ | ২০২৩ শিক্ষাবর্ষে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ৫টি ভাষায় প্রাক-প্রাথমিক টিচিং প্যাকেজ ও ১ম-২য় শ্রেণির পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। ৩য় শ্রেণির শুধুমাত্র বাংলা বিষয়ের পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। |
| ২৪ | এ নির্দেশিকার বিষয়ে যেকোন ব্যাখ্যা প্রদান বা স্পষ্টিকরণ কেবলমাত্র প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এখতিয়ারাধীন হবে। |
| ২৫ | পাঠ্যপুস্তক বিতরণের সময় সামাজিক/শারীরিক দূরত্ব বজায় রেখে সকল স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। |
| ২৬ | প্রধানমন্ত্রীর কার্যলয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্যসেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা ও অনুশাসনসমূহ সংশ্লিষ্ট সকলকে মেনে চলতে হবে। |

মোঃ নবীর উদ্দিন
গবেষণা কর্মকর্তা (বই বিতরণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

ফয়েজুন নাহার
সহকারী পরিচালক (বই বিতরণ)

মোঃ ইমামুল ইসলাম
উপপরিচালক (বই বিতরণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।

আক্তারুন্নাহার
উপসচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার